# Times Today BD

কাওসার আহমেদ | ক্যাম্পাস | 24 May, 2025

“যারা ক্যাম্পাস সাংবাদিকতা করছেন তারা অন্যদের তুলনায় অনেকগুলো এডিশনাল পয়েন্টে এগিয়ে রয়েছেন,”–এমন মন্তব্য করেছেন নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল।

শনিবার (২৪ মে ) নোবিপ্রবি ইনস্টিটিউশনাল কোয়ালিটি অ্যাসুরেন্স সেলে (আইকিউএসি) নোবিপ্রবি সাংবাদিক সমিতির (নোবিপ্রবিসাস) আয়োজনে দিনব্যাপী ‘সাংবাদিকতায় বুনিয়াদি প্রশিক্ষণ-২০২৫’ অনুষ্ঠিত হয়।

প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য বলেন, “এই প্রশিক্ষণের মাধ্যমে সাংবাদিকতার মৌলিক বিষয়গুলো সম্পর্কে আমাদের শিক্ষার্থীরা জানতে পারবে বলে আশা করি। ভবিষ্যতে যে পেশাতেই যান না কেন, এই এক কদম এগিয়ে থাকাটাই সফলতার দিক নির্দেশ করবে।” তিনি বস্তুনিষ্ঠ সাংবাদিকতার মাধ্যমে সমাজের অন্যায়-অসঙ্গতি ও বৈষম্য তুলে ধরার আহ্বান জানান।

অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মোহাম্মদ হানিফ। সভাপতিত্ব করেন নোবিপ্রবি সাংবাদিক সমিতির সভাপতি মো. ইমাম হোসেন এবং সঞ্চালনায় ছিলেন যুগ্ম সাধারণ সম্পাদক মো. রিয়াজুল ইসলাম।

প্রশিক্ষক হিসেবে অংশ নেন দ্য বিজনেস স্ট্যান্ডার্ডের চীফ রিপোর্টার আব্বাস উদ্দিন নয়ন, একই পত্রিকার স্টাফ করেসপন্ডেন্ট ও চট্টগ্রাম বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সাবেক

সাধারণ সম্পাদক জোবায়ের চৌধুরী এবং দৈনিক যুগান্তরের রিপোর্টার ও ঢাকা বিশ্ববিদ্যালয় সাংবাদিক সমিতির সাধারণ সম্পাদক মাহাদী হাসান।

প্রশিক্ষণে নোবিপ্রবির বিভিন্ন বিভাগের শিক্ষার্থী ও ক্যাম্পাস সাংবাদিকরা অংশ নেন।

অনুষ্ঠান শেষে সাংবাদিক সমিতির আয়োজনে উপাচার্য অধ্যাপক ড. মুহাম্মদ ইসমাইল একটি বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশ নেন।এ সময় ক্যাম্পাসের সাংবাদিক ও অতিথিরা উপস্থিত ছিলেন।

সাংবাদিকতা

---

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 28 June, 2025 11:12

URL: https://www.timestodaybd.com/campus/7758072872